ইমাম হাকিম তার মুসতাদরাক কিতাবের দ্বিতীয় খণ্ডের ২৭৫ নম্বর পৃষ্ঠায় লিখেন– হযরত আসরাম আবু ইমরান (রা.) থেকে বর্ণিত যে, কুসতুনতুনিয়ার অবরোধের সময় জনৈক মুহাজির শত্রুব্যূহ ভেদ করে অনেক ভেতরে চলে যায়। আবু আইয়ুব আনসারী (রা.) আমাদের সাথে ছিলেন। তার সামনে কোন এক ব্যক্তি পর্যালোচনা করলেন যে, সে নিজেই নিজেকে ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছে।

একথা শ্রবণ করা মাত্র হযরত আবু আইয়ুব আনসারী (রা.) বলে উঠলেন, এ আয়াত সম্পর্কে আমরা সবচেয়ে বেশী জানি। এ আয়াত আমাদের উপর ঐ সময় অবতীর্ণ হয়েছে যখন আমরা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাঁধে কাঁধ মিলিয়ে বহু যুদ্ধ করার পর ইসলামের বিজয় অর্জিত হয় এবং ইসলাম বিস্তার লাভ করে।

একদিন নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে বসে আমরা কতিপয় আনসার পরস্পর এ আলোচনা করছিলাম যে, আমাদের কতই না সৌভাগ্য যে আল্লাহ তায়ালা আমাদেরকে তাঁর রাসূলের সংস্পর্শে ধন্য করেছেন। এখন ইসলাম বিস্তৃতি লাভ করেছে এবং মুসলমানদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। আর এ সফলতা লাভের জন্যে আমাদের পরিবার পরিজনকে বহু সমস্যার সম্মুখীন হতে হয়েছে এবং নিজেদের সম্পদ ও সন্তান সন্ততির অনেক ত্যাগ স্বীকার করতে হয়েছে। আলহামদুলিল্লাহ! এখন যুদ্ধ শেষ হয়েছে। আমরা

Scanned by CamScanner

পরিবার পরিজনদের কাছে ফিরে গিয়ে তাদেরই মাঝে দিনাতিপাত করব। আমরা যখন এই আলোচনা করছিলাম ঠিক তখনই এই আয়াত অবতীর্ণ হয়–

وَأَنْفِقُوا فِي سَبِيلِ اللهِ وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ وَأَحْسِنُوا إِنَّ اللهَ يُحِبُّ الْمُحْسِنِينَ

তোমরা আল্লাহর পথে ব্যয় কর এবং নিজের হাতে নিজের জীবনকে ধ্বংস ও মুসিবতের দিকে ঠেলে দিও না; আর সৎকাজ কর, নিশ্চয়ই আল্লাহ তায়ালা নেককার লোকদের পছন্দ করেন। *[সূরা বাকারা : ৯৫]*

মূলত ধ্বংস এটাই ছিল যে, আমরা নিজেদের পরিবার পরিজন এবং সম্পদের মাঝে থেকে যাওয়া এবং জিহাদ ছেড়ে দেয়া। ধ্বংসের অর্থ এটা নয় যে, কোন ব্যক্তি বীরত্ব প্রদর্শন করতে করতে শত্রুদের মাঝে ঢুকে পড়বে। *[ইমাম হাকিম তার মুসতাদরাক কিতাবের দ্বিতীয় খণ্ডের ২৭৫ নং পৃষ্ঠায় এটি উল্লেখ করেন]*

হযরত ইকরামা (রা.) বর্ণনা করেন, 'যামরাতু বনুল আঈস' হলো সে ব্যক্তি, যে ছিল নিপীড়িত, নির্যাতিত এবং মক্কায় অবস্থানরত মুসলমানদের মধ্যে সর্বাধিক দুর্বল ও অসুস্থ। এমতাবস্থায় যখন তিনি জানতে পারলেন মহান আল্লাহ তায়ালা হিজরত সম্পর্কে আয়াত নাজিল করেছেন, তিনি তখন বললেন– আমাকে এ অঞ্চল থেকে বের করে অন্যত্র নিয়ে চল। এরপর তার জন্যে একটা বিশেষ বিছানার ব্যবস্থা করা হল এবং তার ওপর তাকে শোয়ানো হল। আর সেই বিছানায় করে তাকে বাইরে নিয়ে আসা হল। তবে মক্কা থেকে বেশি দূরে নিতে পারলেন না, মাত্র ছয় কিলোমিটার দূরে যাওয়ার পর 'তানঈম' নামক স্থানে তাঁর ইন্তেকাল হয়। এখানে লক্ষ্যণীয় বিষয় যে, সাহাবায়ে কেরাম (রা.)গণ এ আয়াতের মর্মকে কেমনভাবে উপলব্ধি করতে সক্ষম হয়েছেন। এ আয়াত অবতীর্ণ হওয়ার পর এর জীবন অতিবাহিত করতে কতই না পছন্দ করতেন। *[তাফসীরে কুরতুবী : ৫/৩৪৯]*

ইমাম তাবারী (রহ.) তার এক নিকটম বন্ধু থেকে একটি ঘটনা বর্ণনা করেন– এক বন্ধু মেকদাদ ইবনুল আসওয়াদ নিজের অতিশয় মোটা ও ভারী দেহের অনুপাতে উর্দির অর্ডার দিচ্ছিলেন। তাবরী (রহ.)-এর বন্ধু মেকদাদকে জিজ্ঞাসা করলেন, কি ভাল আছেন তো? জবাবে মেকদাদ বললেন, অন্য কিছু নয় জিহাদের প্রস্তুতি নিচ্ছি। তখন তিনি পুনরায় বললেন, আল্লাহ তো আপনার এ ওজরকে (অতিশয় মোটা দেহ) কবুল করেছেন, তারপরও কেন এ কষ্ট স্বীকার? জবাবে মেকদাদ বললেন, আমাদের ঘর থেকে বের হওয়ার আদেশ সূচক আয়াত এসেছে। বের হও, যদিও তুমি হালকা অথবা ভারী।

Scanned by CamScanner

ইমাম যুহুরী (রহ.) বলেন, 'সাইদ ইবনুল মুসাইয়্যিব জিহাদের উদ্দেশে বের হয়েছেন অথচ তার একটি চক্ষু পূর্বেই আল্লাহর পথে শহীদ হয়েছে। পথিমধ্যে তাকে দেখে একজন বললেন, আপনি তো জিহাদ করতে অক্ষম, আপনি বিশ্রাম করুন, যুদ্ধে বের হওয়ার জন্যে আপনি ছাড়া আরো বহুলোক রয়েছে।

জবাবে তিনি বললেন, না! আল্লাহ তায়ালা হালকা এবং ভারী প্রত্যেক ব্যক্তিকেই জিহাদের উদ্দেশ্যে বের হতে বলেছেন। যদি আমি যুদ্ধ করতে সক্ষম না হই তবে মুসলিম বাহিনীর ক্যাম্প পাহারা দেব। তাও যদি না পারি তবে মুসলিম বাহিনীর সংখ্যা তো বাড়াতে পারব।

এক বর্ণনায় জানা যায়, আস-শাম (বর্তমান সিরিয়া, লেবানন, জরদান, ফিলিস্তিন)-এ জিহাদ চলাকালে ময়দানে জনৈক ব্যক্তি একজন শুভ্র দাড়িওয়ালা বৃদ্ধকে দেখতে পান। তিনি ছিলেন এমনই বৃদ্ধ যে তার চোখের পাপড়িগুলো ঝুলে ছিল চোখের ওপর। এমন একজন বৃদ্ধকে জিহাদের ময়দানে দেখে সেই ব্যক্তি অবাক হন এবং তাকে জিজ্ঞেস করেন, চাচাজান, আল্লাহ তো আপনার অক্ষমতাকে কবুল করেছেন। তারপরও কেন আপনি জিহাদের এ অসহনীয় কষ্ট সহ্য করার জন্য বের হয়েছেন?

উত্তরে তিনি বললেন, ভাতিজা! আল্লাহ আমাদের যুবক-বৃদ্ধ উভয় অবস্থায় বের হওয়ার আদেশ করেছেন। *[তাফসীরে কুরতুবী : ৮ নং খণ্ডের ১৫১ পৃষ্ঠা]*

প্রিয় পাঠক, একটু চিন্তা করুন হযরত ইব্রাহীম আদহাম (রহ.)-এর কথা, যখন তিনি বার্ধক্যে উপনীত হলেন আর বুঝতে পারলেন যে তার মৃত্যু সন্নিকটে, তখন তিনি বললেন, আমার ধনুকটিতে যুদ্ধের জন্যে তীর লাগিয়ে প্রস্তুত করে দাও। এরপর তিনি তার সেই ধনুকটি হাতে নিয়েই ইন্তেকাল করলেন। তার মৃত্যু এমনভাবে হয় যে, তার সেই ধনুক হাতেই মজবুতভাবে ধরা ছিল। ইন্তেকালের পর তাকে রোম দেশের এক দ্বীপে দাফন করা হয়। *[তারীখে দামেস্ক, আল্লামা ইবনু আসাকীর, ভলিয়ম : ২ পৃষ্ঠা : ১৭৯]*

লক্ষ্য করুন! আবদুল্লাহ ইবনে আল মুবারাক (রহ.)-এর দিকে, যিনি বার্ধক্যজনিত দুর্বলতা থাকা সত্ত্বেও ইসলামের ভৌগোলিক সীমান্তে জিহাদ ফি-সাবিলিল্লাহে অংশগ্রহণের জন্যে দুই হাজার ছয়শ' কিলোমিটার পথ অতিক্রম করেছেন, যার কিছু পথ পায়ে হেঁটে এবং কিছু পথ সওয়ারীর উপর আরোহণ করে এসেছেন। *[আবদুল্লাহ ইবনু মুবারাক : ড. মুহসিব থেকে]*

যুবায়ের ইবনে কুমাইর আল-মারযোবি (রহ.) বলেন, চল্লিশ বছর ধরে সাধ জেগেছে গোশত খাওয়ার। কিন্তু আমি গোশত খাই না; কারণ আমি প্রতিজ্ঞা করেছি, ততদিন পর্যন্ত গোশত মুখে নিব না, যতদিন না আমি রোমে প্রবেশ

Scanned by CamScanner

করছি এবং সেখানে জিহাদে প্রাপ্ত গনিমতের মাল বকরী থেকে গোশত আহার করতে পারছি। *[কিতাবুল মুদারেক, কাজী ইয়াজ থেকে, খণ্ড : ৩, পৃষ্ঠা : ২৪৯]*

কুফার বিখ্যাত কাজী উরুয়া ইবনু যা'আদ তার বাড়িতে সত্তরটি ঘোড়াকে সর্বদা সাওয়ারির জন্যে প্রস্তুত রাখতেন জিহাদের উদ্দেশ্যে। *[তাহযিবুল আসমা ওয়াল লুগাত : ১/৩৩১]*

মুহাম্মদ ইবনে ওয়াসি ছিলেন অত্যন্ত ধর্মভীরু এবং মুহাদ্দিস। তিনি অনেক জিহাদে অংশগ্রহণ করেছিলেন এবং জিহাদের সম্মুখভাগের অকুতোভয় সৈনিক ছিলেন। জিহাদে নেতৃত্ব দানকারী সেনাপ্রধান কুতায়বাহ ইবনে মুসলিম আল বাহিলী তার সম্পর্কে বলেন, আমার কাছে জিহাদের ময়দানে হাজার হাজার পরিচিত তরবারি আর শক্ত-সামর্থ যুবকদের মুহাম্মদ ইবনে ওয়াসির আকাশের দিকে উঁচিয়ে ধরা তর্জনি অধিক প্রিয়। *[আল মাশুক ফিল জিহাদ : পৃষ্ঠা ৬৬]*

আহমদ ইবনে ইসহাক সুলামী (রহ.) বলেন, আমার এই তরবারি দিয়ে আমি হাজারো কাফের হত্যা করেছি। যদি এটা বেদআত না হত তাহলে এই তরবারিটিকে আমার মৃত্যুর পর কবরে আমার সাথে দিয়ে দেয়ার অসিয়ত করে যেতাম। *[তাহজীব আল তাহজীব ইবনে হাজার আসকালানি : ১/১৪]*

আহমদ ইবনু ইসহাক সুলামী (রহ.) বলেন, আবদুল্লাহ ইবনু ক্বাদুসের (রহ.) ঘটনা, যিনি স্পেনের খৃষ্টানদের কাছে মরণজয়ী অকুতোভয় যোদ্ধা হিসাবে প্রসিদ্ধ। সুতরাং কোন একদিন জনৈক খৃষ্টান তার ঘোড়াকে পানি পান করার জন্য নদীতে নিয়ে গেলে ঘোড়াটি পানি পান না করে নদী থেকে মুখ উঠিয়ে ফেলল। এমতাবস্থায় সে ভীত-সন্ত্রস্ত হয়ে ঘোড়াকে জিজ্ঞাসা করল, কি ব্যাপার! পানি পান করছ না কেন? পানিতেও কি ইবনু ক্বাদুসের চেহারা ভেসে উঠেছে? যার ভয়ে তুমি পানি পান করা ছেড়ে দিয়েছো? *[আলমাশুক ফিল জিহাদী : পৃ. ৭৭]*

বদরউদ্দীন আম্মার (রহ.)-এর কাহিনী, যিনি নিজের চাবুকের আঘাতে সিংহকেও বশ করে ফেলতেন। এ বীরত্ব দেখেই মুতানাব্বী তার প্রশংসায় কবিতা রচনা করেন।

তিনিতো সেই বীর,
যিনি চাবুক দিয়ে সিংহকে করেছেন শেষ।
কিয়ামত অবধি থাকবে বাকী,
তার এই বীরত্বের লেশ।

এবং এরপর চলে আসে ওমর আল মুখতার-এর কথা, এই বীর সম্পর্কে তৎকালীন ইটালির সেনাপ্রধান গিরাসিয়ানি বলেন, সে আমাদের সেনাবাহিনীর

Scanned by CamScanner

বিপক্ষে বিশ মাসে প্রায় দুইশ' তেষট্টিটি ছোট ছোট যুদ্ধে অংশগ্রহণ করেন এবং তার পুরো জীবনে তিনি এক হাজারের মত যুদ্ধে অংশগ্রহণ করেছেন।

শাঈখ মুহাম্মাদ ফারগালীর (রহ.) ঘটনা, যখনই ইংরেজরা জানতে পারত যে, ফারগালী শহরে প্রবেশ করেছেন তখনই তারা পুরো শহরে জরুরি অবস্থা ঘোষণা করত এবং সেনা ছাউনিতে সাইরেন বাজিয়ে বিপদ সংকেত জানিয়ে দিত। তৎকালীন ইংরেজরা তাকে জীবিত অথবা মৃত গ্রেফতার করে দেয়ার জন্য পুরস্কার ঘোষণা করেছিল পাঁচ হাজার পাউন্ড।

সুইজখালের তীরে বাঁধা ইংরেজ নৌবহরে আক্রমণকারী ইউসুফ তাল'আতকে 'ইংরেজ খেকো' নামে অভিহিত করা হতো। কারণ তিনি ইংরেজদের কসাইয়ের ন্যায় কর্তনকারী ছিলেন। প্রেসিডেন্ট নাসির তার আমেরিকান মনিবদেরকে খুশি করার জন্যে তাঁকে গ্রেফতার করে ফাঁসি দিয়ে দেয়।

আহমাদ শাহ মাসুদের এক কর্মী 'মুহাম্মদ বানার' আমাকে বলেছিল যে, তিনি স্বীয় বাহিনী নিয়ে সালাং ঘাঁটিতে আক্রমণ করে প্রায় চারশ'র মত রাশিয়ান গাড়িবহর ধ্বংস করে দেন। রাশিয়ানরা তাকে 'জেনারেল মুহাম্মদ বানা' নামে সম্বোধন করত। মুহাম্মাদ বানা আমাকে বলেছিলেন যে, একবার তিনি সর্বমোট ১৫০ ট্যাংক উড়িয়ে দিয়েছিলেন এবং দখল করে নিয়েছিলেন প্রায় ২০০ এ কে ৪৭ এবং এ কে এস ৭৪ ইউ অস্ত্র।

বন্ধুরা আমার!

এটা হলো আমাদের পূর্বসূরীদের সুন্নাত। পৃথিবীর ইতিহাস রচনাকারী, বিশ্ববিজয়ী, দুঃসাহসী ও অকুতোভয় মহানবীর মুজাহিদদের পথ। এ পথেই কি আমরা পরিচালনা করব না আমাদের জীবন?

ষষ্ঠ কারণ : সুদৃঢ় ইসলামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠার জন্যে দুর্ধর্ষ জানবাজ বাহিনী গঠন

এ কথাটি দিবালোকের ন্যায় সুস্পষ্ট যে, পৃথিবীর বুকে একটি শরীয়া ভিত্তিক ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠা প্রত্যেক মুসলমানের জন্যে অবশ্য কর্তব্য। পানি এবং বাতাস ছাড়া যেমন মানুষের জীবন কল্পনা করা যায় না তেমনি ইসলামী শরীয়া ভিত্তিক রাষ্ট্র ব্যবস্থা ছাড়া মুসলমানদের অস্তিত্বও কল্পনা করা যায় না। আর এ কাঙ্ক্ষিত ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করা জিহাদের ধ্বনিকে বুলন্দকারী এবং জিহাদী কর্মসূচী বাস্তবায়নকারী ও রণাঙ্গনে রক্তের বন্যা প্রবাহকারী কোন সুশৃঙ্খল ইসলামী সংগঠন ছাড়া সম্ভব নয়। কোন ইসলামী সংগঠনই জিহাদের পদ্ধতি

Scanned by CamScanner

ব্যতীত ইসলামী সমাজ ব্যবস্থা তথা ইসলামী রাষ্ট্রের রূপদানের মহান দায়িত্ব আদায় করতে সক্ষম নয়।

ইসলামী সংগঠনের উদাহরণ এমন যার কর্মীদের জিহাদী কার্যক্রম হৃদয় প্রকম্পিতকারী এবং সুদৃঢ় পরিকল্পনাকারী হবে। অথবা এমন যে, ক্ষুদ্র একটি ইলেক্ট্রিক স্টাটারের ন্যায়, যে নিজের বিন্দু পরিমাণ বিদ্যুৎ দিয়ে বড় বড় মর্টার চালাতে সক্ষম। এই ইসলামী সংগঠন এ বিশাল জাতির প্রাথমিক শক্তি অর্জন করবে এবং পরবর্তীতে তার গভীরে কল্যাণের বীজ বপন করবে।

আপনি অবশ্যই জানেন যে, কায়সারের প্রভাব প্রতিপত্তিকে মাটির সাথে একাকারকারী এবং কিসরার সিংহাসনকে ধ্বংসকারী সাহাবায়ে কেরাম (রা.)-এর সর্বমোট সংখ্যা বর্তমান মুসলিম জাতির তুলনার নিতান্তই কম ছিল।

হযরত আবু বকর (রা.)-এর খেলাফত আমলে যে গোত্র বিদ্রোহ করে ইসলাম থেকে বের হয়ে গিয়েছিল, ওমর বিন খাত্তাব (রা.) সেই গোত্রকেও পারস্যের সাথে যুদ্ধ করতে পাঠিয়েছিলেন, তাদের ক্ষমা মঞ্জুর করার পর। সেই গোত্রের নেতা তালহা ইবনে খাওয়াইলিদ আল আসাদি– যে পূর্বে নিজেকে নবী দাবী করেছিল– সে ক্ষমা প্রার্থনা করে ইসলামে প্রত্যাবর্তন করার পর মুসলমান সেনাদলের হয়ে বীরত্বের পরিচয় রাখে। সেই সময়কার মুসলমান সেনাদলের সেনাপতি সাদ (রা.) তালহা ইবনে খাওয়াইলিদ আল আসাদিকে পারস্যের সেনাদলের গোপন তথ্য সংগ্রহের গুরু দায়িত্ব অর্পণ করেছিলেন। যা তিনি অত্যন্ত সাহসিকতার সাথে পালন করেন।

আজকের জিহাদ পরিচালনায় হাতে গোনা কয়েকজন আমির রয়েছেন, তাদের মধ্যে কেউ কেউ মনে করতে পারেন যে, তাদের পক্ষে খুব সহজেই একটি সার্বজনীন সফল ইসলামী আন্দোলনকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব। প্রকৃতপক্ষে তাদের এই ধারণা হল অলীক কল্পনা এবং নিজেদের সাথে প্রতারণার সামিল, যা স্মরণ করিয়ে দেয় অতীত ইতিহাস। আব্দিল নাসেরের ইসলামিক আন্দোলনের দুঃখজনক পরিণতির কথা এক্ষেত্রে বলা যেতে পারে।

আমাদেরকে একথা স্মরণ রাখতে হবে যে, জিহাদী কার্যক্রমের সুদীর্ঘ পথের পথিকদের অসংখ্য মুসিবতের তিক্ততাকে আস্বাদন করতে হয়। ত্যাগ ও কুরবানী নজরানা পেশ করতে হয়। লাশের স্তুপ মাড়িয়ে নিজের যাত্রা অব্যাহত রাখতে হয়। ফলে তাদের হৃদয় পবিত্র হয়ে উদার হয়ে যায়। দুনিয়াবী ছোট খাটো ফাসাদ মিটে যায়। অন্তর থেকে বস্তুর লোভ শেষ হয়ে যায় এবং পরস্পরের বিদ্বেষ মিটে যায়।

Scanned by CamScanner

অতঃপর হৃদয় পরিষ্কার পরিচ্ছন্ন হয়ে চমকাতে থাকে এবং কাফেলা নিচু পথ বর্জন করে সুউচ্চ চূড়ার দিকে যাত্রা শুরু করে। সে উচ্চ চূড়া যার মধ্যে মাটি তো দূরের কথা মাটির গন্ধও নেই এবং বনের ঝাড়-জঙ্গল কিছুই নেই।

আর মনে রাখতে হবে, জিহাদের পথে সৎ নেতৃত্বের দ্বারাই একমাত্র সম্মুখে অগ্রসর হওয়া সম্ভব। ত্যাগ ও দান খয়রাতের মাধ্যমে নিজেদের সুপ্ত যোগ্যতার বিকাশ ঘটে এবং পুরুষের পৌরুষত্ব ও বীরত্বের বহিঃপ্রকাশ ঘটে। তাই তো বলা হয়েছে–

সম্মান নেইকো নাচে গানে,
আছে মর্যাদা বিনিদ্র রজনী ও রণে।

লক্ষ্য বস্তুর উন্নতির ফলে মানুষের দৃষ্টিও ছোট ছোট বস্তু থেকে দূর হয়ে বড় বড় বস্তুর দিকে পরিবর্তন হয় এবং এ বড় বড় কাজের কামনা ও আকাঙ্ক্ষাই লক্ষ্যবস্তুতে পরিণত হয়।

যখন কুড়াতে নেমেছ সম্মান, লুণ্ঠিত গৌরব
তখন লক্ষ যেন হয় আকাশ ছোঁয়ার, শহীদের সৌরভ
বিছানা কিংবা জিহাদের ময়দান, মৃত্যুর স্বাদতো একই
তবে কেন এই কাপুরুষতা, কতকাল দেবে ফাঁকি।

সামাজিকতার চরিত্রও ঠিক পানির মত। যেমনিভাবে আবদ্ধ পানিতে জন্ম নেয় ময়লা দুর্গন্ধ ও রং বেরংয়ের কষ্টদায়ক কীট-পতঙ্গ, নাপাক প্রাণী। অপর দিকে প্রবাহমান পানিতে কোন দুর্গন্ধ থকে না। আটকে থাকে না কোন মৃত প্রাণী। তেমনিভাবে হাত পা গুটিয়ে জড় পদার্থের ন্যায় নীরব থেকে সমাজেও নেতৃত্বের শীর্ষ চূড়া স্পর্শ করা সম্ভব হবে না। কেননা আন্দোলন, পরিশ্রম, ত্যাগ ও কুরবানীর পথ অতিক্রম ব্যতীত তা অর্জন করা সম্ভব নয়।

কেননা খুলাফায়ে রাশেদীন ও ইসলামী রাষ্ট্রের সুমহান দায়িত্ব পালন ও অবিস্মরণীয় ত্যাগ ও কুরবানীর নজরানা পেশ করা ব্যতীত সম্মুখে আসতে পারেননি। তাইতো আবু বকর (রা.)কে নির্বাচিত করার সময় কোন নির্বাচনের প্রয়োজন পড়েনি; বরং জাতি নিজেরাই তাঁর নেতৃত্বের উপর একমত হয়ে যায়। বরং যখনই রাসূল (সা.)-এর পরমাত্মা জান্নাতে সর্বোত্তম বন্ধুর সাথে মিলে গেছে তখনই সকলের সন্ধানী দৃষ্টি ময়দানে বিচরণ করতে থাকে এবং মাঠে আবু বকর (রা.)-এর চেয়ে উত্তম আর কাউকে তাদের দৃষ্টি সন্ধান করে পায়নি। তারপরও এ বাস্তব সত্যকে কিভাবে অস্বীকার করা যায়?

যে জাতি জিহাদ করে তাদেরকে চড়া মূল্য পরিশোধ করতে হয় এবং চড়া মূল্যের বিনিময়েই তারা হাতিয়ে নেয় সুমিষ্ট পাকা ফল। যা তাদের থেকে

Scanned by CamScanner

ছিনিয়ে নেয়া অত সহজ নয়। কেননা এ ফল লাভের আশায় কত রক্ত আর কত ঘাম ঝরাতে হয় তার কোন হিসাব থাকে না। তার মোকাবেলায় সেই সামরিক বিপ্লব যা কিনা শুধুমাত্র দূতাবাসের যোগসাজসেই হয়ে থাকে এবং মানুষের মধ্যে এর প্রভাব বিস্তারের জন্যে জাতীয় প্রচার মাধ্যমে বক্তৃতা বিবৃতির সাহায্য নিতে হয়, এর ভিত্তি তত মজবুত হয় না এবং এ শক্তি খর্ব করাও অতীব সহজতর।-

যখন যুদ্ধবিহীন কোন ভু-খণ্ড দখল হয়,

তখন প্রয়োজনে সেই ভূ-খণ্ড ছেড়ে দেয়াও সহজ হয়।

তার হুবহু বিপরীত জিহাদের এ সুদীর্ঘ কণ্টকাকীর্ণ পথ অতিক্রমকারী অকুতোভয় বীরদের নেতৃত্ব। জান্নাতের পথে সফরকারী জিহাদী জাতিকে পথ থেকে দূরে হটিয়ে দেয়া এবং নিজ নেতৃত্বের বিরুদ্ধে বিদ্রোহী বানিয়ে দেয়া অথবা ইসলামী সালতানাতের সিংহাসনকে উল্টিয়ে দেয়ার ষড়যন্ত্র করা অত সহজ নয়। তেমনিভাবে জিহাদের এ মহান কাজ আঞ্জাম দেয়া এবং সুশৃঙ্খল কাফেলার সদস্যদের মন-মগজে সন্দেহের বীজ বপন করাও অত সহজ নয়। তাছাড়া এ কষ্ট ও দুঃখ যাতনার জিহাদী আন্দোলন উম্মতে মুসলিমাকে ঐ চেতনায় উজ্জীবিত করে যে, তারা সকলেই একতাবদ্ধ; তাদের মাঝে কোন ভেদাভেদ নেই, তাদের সকলের সম্মিলিত পরিশ্রমেই অর্জিত হয়েছে এ কাঙ্ক্ষিত সফলতা।

আফগানিস্তানে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার পেছনে ব্যয় করা সকল ত্যাগ ও কুরবানীতে সকলেই সমানভাবে শরীক রয়েছে। সুতরাং এ অনুভূতির সুফল হিসেবে তারা নবপ্রতিষ্ঠিত সকল সমাজ তথা রাষ্ট্রের রক্ষক। উম্মতে মুসলিমার সম্মিলিত প্রচেষ্টা ব্যয় করার পরই জন্ম লাভ করেছে এ ইসলামিক সমাজ তথা রাষ্ট্র ব্যবস্থা। এটি প্রতিষ্ঠা করতে গিয়ে প্রবাহিত করতে হয়েছে রক্তের সমুদ্র, এর সাথে সাথে পোহাতে হয় দুঃখ যাতনার ঝড়-তুফান। আর জিহাদের এ অক্লান্ত পরিশ্রম উম্মতে মুসলিমার পাক বদন থেকে অলসতা ও অবহেলার ভাবকে স্রোতের ন্যায় ভাসিয়ে নিয়ে যায়।

সপ্তম কারণ : পৃথিবীর অসহায় মজলুম মুসলমানদের পাশে দাঁড়ানো

হ্যাঁ ভাই!

ইসলামী জিহাদের সুমহান লক্ষ্যগুলোর মধ্য হতে মজলুম দুর্বল নির্যাতিত নিপীড়িত ও অসহায় মানুষের ওপর তা বন্ধ করে তাদের অবিচারের মূলোৎপাটন

Scanned by CamScanner

করে আল্লাহর আইন দ্বারা ন্যায়বিচার প্রতিষ্ঠা করা। আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা বলেন–

وَمَا لَكُمْ لَا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللّٰهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَل لَّنَا مِن لَّدُنكَ وَلِيًّا وَاجْعَل لَّنَا مِن لَّدُنكَ نَصِيرًا.

আর তোমাদের কি হল যে, তোমরা আল্লাহর রাহে লড়াই করছ না দুর্বল সেই পুরুষ, নারী ও শিশুদের পক্ষে, যারা বলে, হে আমাদের পালনকর্তা! আমাদেরকে এই জনপদ থেকে নিষ্কৃতি দান কর; এখানকার অধিবাসীরা যে অত্যাচারী! আর তোমার পক্ষ থেকে আমাদের জন্য পক্ষালম্বনকারী নির্ধারণ করে দাও এবং তোমার পক্ষ থেকে আমাদের জন্য সাহায্যকারী নির্ধারণ করে দাও। *[সূরা নিসা : ৭৫]*

মুসলমান নারীদের খুবলে খাচ্ছে,
কালো পিশাচের দল
এরপরেও শান্ত কেন, হে মুজাহিদের দল?
কোথায় হারালো তোমাদের সেই শক্ত বাহুবল।

এ আয়াতে মহান আল্লাহ মুসলিম উম্মাহর প্রতি হুশিয়ারী উচ্চারণ করে বলেন যে, তোমাদের কি হয়েছে যে তোমরা আল্লাহর রাহে লড়াই করছ না এবং অসহায় আবাল-বৃদ্ধ-বণিতার জন্যে লড়াই করতে বের হচ্ছো না অথচ তারা তোমাদের চিৎকার করে ডাকছে যেন তোমরা আল্লাহর প্রতিনিধি হয়ে নির্যাতিত জাতির সাহায্যকারী হিসাবে তাদের সাহায্য কর এবং তাদেরকে অত্যাচারী জনপদ থেকে উদ্ধার কর।

এ কথার উপর সকল ফোকাহায়ে কেরামগণের ঐকমত্য যে, যদি কোথাও কোন মুসলিম নারী শত্রুর হাতে বন্দি হয় অথবা শত্রুর হাতে নির্যাতনের শিকার হয় তাহলে তাকে মুক্ত করতে জিহাদ ফরজে আইন হয়ে যায়। আল বাযাযিয়ায় বর্ণিত আছে, যদি কোন মুসলমান নারী পৃথিবীর পশ্চিম দিগন্তে নির্যাতিত হতে থাকে তখন সেই নারীকে নির্যাতনের হাত থেকে রক্ষা করা পৃথিবীর পূর্বদিগন্তের মুসলমানদের ওপরও ওয়াজিব হয়ে যায়।

যদি নাহি থাকে ধর্মীয় চেতনা হৃদয় মাঝে
তবে এসো সম্মানের জন্যে জিহাদের মাঝে,
বলছি তোমায় হে মুসলমান! বন্দি নারীর দোহাই দিয়ে

Scanned by CamScanner

এসো তুমি তাদেরই আত্মসম্ভ্রমের দিকে তাকিয়ে।
যদি নাহি কর প্রতিদানের কামনা
তবে আর ঘরে বসে থেকো না।
তথাপি গনিমতের জন্যে হলেও হও রওয়ানা।

একদিন আমি আফগানিস্তানের লোগার এলাকাতে গুলবুদ্দিন হেকমতিয়ারের সাথে ছিলাম। আমরা শত্রু ছাউনিতে আক্রমণ করে ফিরছিলাম। এমতাবস্থায় এক মানবহীন বিরান বস্তি থেকে কতিপয় শিশু শ্লোগান দিয়ে আমাদের স্বাগত জানায় এবং নারীরা হেকমতিয়ারকে আশীর্বাদ দেয়ার জন্যে ঘর থেকে বেরিয়ে আসে।

ভূলুণ্ঠিত হয় যখন মুসলমান নারীর সম্মান
কিভাবে আরামে ঘুমিয়ে কাটাও, হে বিশ্বের মুসলমান!
দলে দলে এসো জিহাদের রাহে, পূর্ণ কর ময়দান
এটাই আল্লাহর হুকুম বটে
তার কাছেই আছে এর প্রতিদান।

অত্যাচার, নির্যাতন ও নিপীড়নের এ পৃথিবীতে আজ সে ইসলাম কোথায়? যার আগমন হয়েছিল এ ধরণিতে ইনসাফ প্রতিষ্ঠা করতে! মহান রাব্বুল আলামীন বলেন–

لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنَاتِ وَأَنْزَلْنَا مَعَهُمُ الْكِتَابَ وَالْمِيزَانَ لِيَقُومَ النَّاسُ بِالْقِسْطِ

আমি সুস্পষ্ট প্রমাণাদি দিয়ে পাঠিয়েছি রাসূলদেরকে, সাথে দিয়েছি কিতাব ও মিযান, মানুষের মাঝে ন্যায় নীতি প্রতিষ্ঠার জন্যে। *[সূরা: আল হাদীদ : ২৫]*

অষ্টম কারণ : শাহাদাত এবং জান্নাতের সুমহান মর্যাদা লাভের কামনা

ইমাম আহম্মাদ এবং ইমাম তিরমিযী (রহ.) হযরত মেকদাম (রা.) হতে বর্ণনা করেছেন, শহীদগণকে আল্লাহ রাব্বুল আলামিনের পক্ষ থেকে সাতটি পুরস্কারে পুরস্কৃত করা হবে।

১. শহীদের শরীর থেকে রক্তের প্রথম কণিকা মাটিতে পড়ার আগেই তাঁকে ক্ষমা করে দেয়া হবে।

Scanned by CamScanner

২. মৃত্যুর আগেই জান্নাতে তাঁর জন্যে বরাদ্দকৃত আসন সে দেখতে পাবে এবং ঈমাদের স্বাদ আস্বাদন করবে।

৩. ৭২টি হুরের সাথে বিবাহ দেয়া হবে।

৪. কবরের আযাব থেকে নিরাপদে থাকবে।

৫. হাশরের দিনের ভয়াবহ পরিস্থিতি থেকে মুক্ত ও নিরাপদ থাকবে।

৬. তাঁর মাথায় সম্মানের এমন এক মুকুট রাখা হবে, যে মুকুটের এক একটি ইয়াকুতের মূল্য দুনিয়া এবং দুনিয়ার মধ্যে যা কিছু আছে তার চেয়ে অধিক।

৭. শহীদ নিজ বংশধর থেকে ৭০ জন লোককে জান্নাতে নেয়ার সুপারিশ করতে পারবে। *[সহীহ আল-জামী : ৫০৫৮]*

ইমাম বুখারী (রহ.) হযরত আবু হুরাইরা (রা.) হতে বর্ণনা করেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'জান্নাতে আল্লাহ রাব্বুল আলামিন মুজাহিদদের জন্যে ১০০টি সোপান প্রস্তুত করে রেখেছেন এবং প্রতি দুই সোপানের মাঝে আকাশ ও জমিন সমান ব্যবধান। সুতরাং তোমরা যখন আল্লাহর কাছে দোয়া করবে তখন জান্নাতুল ফেরদাউসের জন্যে দোয়া কর।

নবম কারণ : জিহাদ ইজ্জতের রক্ষাকবজ

জিহাদ হচ্ছে মুসলিম উম্মাহর ইজ্জতের রক্ষক এবং লাঞ্ছনার হাত থেকে রক্ষাকারী। যেমনিভাবে ইমাম আহমদ (রহ.) হযরত আবদুল্লাহ ইবনে উমর (রা.) হতে একটি সহীহ হাদীস বর্ণনা করেন; তিনি বলেন–

যখন মানুষ টাকা পয়সা অর্থ কড়ির পেছনে পড়ে যাবে, সম্পদকে ভালবাসতে শুরু করবে এবং সম্পদের মোহে পড়ে অন্ধের ন্যায় নফসের পেছনে পেছনে চলতে থাকবে তখন আল্লাহ রাব্বুল আলামিন তাদের উপর এক কঠিন অপমান চাপিয়ে দিবেন, যা থেকে তাদেরকে ততক্ষণ পর্যন্ত নিষ্কৃতি দেয়া হবে না, যতক্ষণ না তারা তাদের দীনের দিকে ফিরে আসে; অর্থাৎ জিহাদের দিকে। [সহীহুল জামী : পৃ. ৬৮৮]

দশম কারণ : জিহাদ প্রভাব-প্রতিপ্রত্তি রক্ষার শেষ তূণীর

জিহাদ মুসলিম উম্মাহর মর্যাদা রক্ষা করা এবং উম্মাহর শুত্রুদের ষড়যন্ত্রকে প্রতিহত করে শান্তি ফিরিয়ে আনার একমাত্র মাধ্যম। আল্লাহ তায়ালা বলেন–

Scanned by CamScanner

فَقَاتِلْ فِي سَبِيلِ اللهِ لا تُكَلَّفُ إِلا نَفْسَكَ وَحَرِّضِ الْمُؤْمِنِينَ عَسَى اللهُ أَنْ يَكُفَّ بَأْسَ الَّذِينَ كَفَرُوا وَاللهُ أَشَدُّ بَأْسًا وَأَشَدُّ تَنْكِيلًا

তোমরা আল্লাহর পথে লড়াই কর। তোমাদের উপর নিজের জীবন ছাড়া অন্য কারো দায়িত্ব তো নেই ঠিকই তবে মু'মিনদেরকে জিহাদের ব্যাপারে অনুপ্রাণিত কর। হয়তোবা এর বিনিময়ে আল্লাহ তাদের উপর কাফিরদের পক্ষ থেকে চাপিয়ে দেয়া মুসিবত দূর করে দিবেন। মূলত আল্লাহ হলেন সবচেয়ে বড় কষ্টদাতা এবং সবচেয়ে বেশী শিক্ষাদাতা। *[সূরা নিসা : ৮৪]*

ইমাম আহমেদ এবং আবু দাউদ হতে একটি সহীহ হাদীসে সাওবান (রা.) হতে বর্ণনা করেন, তিনি বলেন, আমাদেরকে বলা হল– এমন এক সময় আসবে যখন কাফিররা তোমাদেরকে চারপাশ দিয়ে এমনভাবে ঘিরে ধরবে যেমনটা মানুষ রাতের খাবার খেতে বসে খাবারকে চারপাশ দিয়ে ঘিরে রাখে।

এ কথা শুনে কেউ একজন জিজ্ঞেস করল– হে আল্লাহর রাসুল সা.! এটা কি এই জন্যে হবে যে সে সময় আমরা সংখ্যায় অনেক কম থাকব?

তিনি বললেন, না। বরং তোমাদের সংখ্যা হবে অধিক বন্যার পানির ফেনার ন্যায়। কিন্তু তোমাদের অন্তরের ভেতরে নির্জীবতাকে প্রবেশ করিয়ে দেয়া হবে এবং তোমাদের শত্রুর অন্তর থেকে ভয় দূর করে দেয়া হবে। আর এই রকম হবে, দুনিয়ার প্রতি তোমাদের ভালোবাসা এবং মৃত্যুকে ঘৃণা করার কারণে।

একাদশ কারণ : পৃথিবীর প্রতিরক্ষা বিধান করা এবং দুর্নীতির কালো ছোবল থেকে রক্ষা করা

জিহাদ হচ্ছে পৃথবীতে শান্তি রক্ষার অন্যতম ধারক বাহক এবং ধ্বংসলীলা থেকে রক্ষাকারী। আল্লাহ বলেন–

وَلَوْلا دَفْعُ اللهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَفَسَدَتِ الْأَرْضُ وَلَكِنَّ اللهَ ذُو فَضْلٍ عَلَى الْعَالَمِينَ

যদি আল্লাহ তায়ালা পৃথিবীতে মানব জাতির এক শক্তিকে অপর শক্তি দ্বারা প্রতিরোধ না করতেন তবে পৃথিবী ভারসাম্য হারিয়ে ধ্বংস হয়ে যেত। কিন্তু বিশ্ববাসীর প্রতি আল্লাহ একান্তই দয়ালু, করুণাময়। *[সূরা বাকারা : ২৫১]*

Scanned by CamScanner

দ্বাদশ কারণ : ইসলামের ইবাদতের স্থানসমূহের নিরাপত্তা নিশ্চিত করা

আল্লাহ রাব্বুল আলামিন বলেন–

وَلَوْلَا دَفْعُ اللهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَصَلَوَاتٌ وَمَسَاجِدُ يُذْكَرُ فِيهَا اسْمُ اللهِ كَثِيرًا

আল্লাহ যদি মানব জাতির এক দলকে অপর দল দ্বারা প্রতিহত না করতেন, তবে (খৃষ্টানদের) নির্জন গির্জা, ইবাদতখানা, (ইহুদীদের) উপাসনালয় এবং মসজিদসমূহ বিধ্বস্ত হয়ে যেত, যেগুলোতে আল্লাহর নাম অধিক স্মরণ করা হয়। [সূরা হজ : ৪০]

ত্রয়োদশ কারণ : শাস্তি থেকে মুক্তি

আল্লাহ তায়ালা বলেন–

إِلا تَنْفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلا تَضُرُّوهُ شَيْئًا وَاللهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

যদি তোমরা জিহাদের জন্যে বের না হও তবে আল্লাহ তায়ালা তোমাদেরকে কঠিন শাস্তিতে ফেলে দিবেন এবং তোমাদের স্থলে জিহাদকারী অন্য আরেক জাতি অনয়ন করবেন। অথচ তোমরা তার কোন ক্ষতিই করতে পারবে না, আর আল্লাহ পাক সর্বোপরি সর্বশক্তিমান। *[সূরা তাওবা : ৩৯]*

সুতরাং শাস্তি হতে মুক্তির আশায় জিহাদে যোগদান করা কর্তব্য।

চতুর্দশ কারণ : জিহাদ উম্মতের কল্যাণ এবং রিযিক অর্জনের পথ

জিহাদ মুসলমানদের ধন-সম্পদ বৃদ্ধির কারণ এবং জিহাদেই নিহিত আছে উম্মাতে মুসলিমার ধন ও প্রাচুর্যের গোপন রহস্য।

আমার রিযিক লেখা আছে আমার বর্শার ছায়াতলে। এ হাদীস ইমাম আহম্মাদ (রহ.) হযরত ইবনে উমর (রা.) থেকে বর্ণনা করেন। *[সহী আল জামী : পৃ. ২৮২৮]*

Scanned by CamScanner

পঞ্চদশ কারণ : জিহাদ ইসলামী স্থাপত্যের শীর্ষ চূড়া

হযরত মুয়াজ (রা.) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এক সহীহ হাদীসে বর্ণনা করেন, জিহাদই হলো ইসলামের শীর্ষ চূড়া।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, জিহাদই উম্মতে মুসলিমার বৈরাগ্যতা। তোমাদের উপর ওয়াজিব হল জিহাদ করা আর এ জিহাদই হলো ইসলামের বৈরাগ্যবাদ। এই হাদীসটি 'হাসান।' ইমাম আহমাদ (রহ.) এই হাদীসটি তাঁর মুসনাদ নামক গ্রন্থের তৃতীয় ভলিয়মের ৮২ নম্বর পৃষ্ঠায় হযরত আবু সাঈদ খুদরী (রা.)-এর রেওয়ায়েতে বর্ণনা করেছেন।

ষোড়শ কারণ : জিহাদই সর্বোত্তম ইবাদত

সর্বোত্তম ইবাদতসমূহের মধ্য হতে জিহাদ অন্যতম এবং এর মাধ্যমেই একজন মুসলিম মর্যাদার সর্বোচ্চ শিখরে পৌছতে পারে। এ ব্যাপারে হযরত ফজল ইবনু যিয়াদ (রহ.) বলেন, একদা আমি ইমাম আবু আবদুল্লাহ আহমাদ ইবনে হাম্বল (রহ.)কে শত্রু সম্পর্কে আলোচনা করতে শুনেছি। শত্রুর আলোচনা করতে গিয়ে তিনি কেঁদে ফেললেন এবং কাঁদতে কাঁদতে বললেন, শত্রুর সাথে যুদ্ধ করার মত পবিত্র কাজ আর নেই। অন্য রেওয়ায়েতে বর্ণিত আছে যে, শত্রুর মোকাবেলা করার জন্যে রণাঙ্গনে আগমন করার চেয়ে সর্বোৎকৃষ্ট আর কোন ইবাদত নেই। অতঃপর সরাসরি নিজে স্বশরীরে রণাঙ্গনে উপস্থিত হওয়া তার চেয়েও উত্তম কাজ।

ঐ সকল মুক্তিপাগল মানুষ যারা শত্রুর সাথে লড়াই করে মূলত তারা ইসলামের প্রতিরক্ষা ব্যবস্থাকে মজবুত রাখে এবং উম্মাতে মুসলিমাকে হেফাজত করে। পক্ষান্তরে বেষ্টনিতে আবদ্ধ হয়ে যুদ্ধের নানাবিধ দুঃখ-কষ্ট ও যাতনার কবল থেকে চিরমুক্ত। তবুও ভয় তরঙ্গে তাদের জান বেরিয়ে যাওয়ার উপক্রম। তাদের কাছে জীবন ধারণের জন্যে নিজস্ব কোন কর্মসূচি নেই। এবার আপনিই বলুন, তাদের মধ্য হতে কার আমল উত্তম? বুখারীতে আরেকটি হাদীস এসেছে– 'জান্নাতে আল্লাহ রাব্বুল আলামিন মুজাহিদদের জন্যে ১০০টি স্তর প্রস্তুত করে রেখেছেন এবং প্রতি দুই স্তরের মাঝে আকাশ ও জমিন সমান ব্যবধান। *[আল-মুঘনী : ৮/৩৪৮-৩৪৯]*

আল্লাহ তায়ালা আমাদের এই ঘুমন্ত জাতিকে তাঁর রাহে জিহাদ করার জন্য জেগে উঠার তৌফিক দান করুন।

Scanned by CamScanner

দ্বিতীয় পরিচ্ছেদ

হায় ইসলাম

হে মুসলমান ভাইয়েরা! আপনাদের ওপর শান্তি বর্ষিত হোক এবং আল্লাহ আপনাদেরকে তার করুণা এবং ক্ষমার চাদর দিয়ে ঢেকে দিক। আমি বলতে চাই যে, আফগানিস্তানের মুসলমান ভাইদের যে অবর্ণনীয় আত্মত্যাগের মধ্য দিয়ে জীবন পরিচালনা করতে হচ্ছে তা নিশ্চয়ই আপনাদের অজানা নয়। দীর্ঘ নয় বছর, সত্যি কথা বলতে যখন থেকে রাশিয়া আফগানিস্তানের দখলদারিত্ব নিয়েছে এবং অত্যাচার শুরু করেছে তখন থেকেই আফগানিস্তানের মুসলমান ভাইয়েরা সহ্য করে যাচ্ছে তীব্র মৃত্যু যন্ত্রণা এবং তারা এই মৃত্যু যন্ত্রণাকে মুখবুঁজে সহ্য করছে তাদের ধর্ম, গৌরব এবং তাদের পরিবারকে রক্ষা করার উদ্দেশ্যে। আফগানিস্তানের অবস্থা এতটাই করুণ যে সেখানে এখন এমন একটাও ঘর খুঁজে পাওয়া যাবে না যেখানে শোকের ছায়া নেমে আসেনি এবং যেটা এতিমখানায় পরিণত হয়নি।

এই মজলুম মানুষগুলো আল্লাহর সম্মুখে দাঁড়ানোর ওজর রয়েছে, তারা তাদের অভিযোগ শুধু আল্লাহর কাছেই পেশ করে। তাদের আত্মা, তাদের পঙ্গুত্ব এবং তাদের রক্তের নালিশ করতে তারা শুধুমাত্র আল্লাহকেই সাক্ষী রাখে।

সময়ের এই দীর্ঘ পরিক্রমায় আফগান মুসলমানদের অনেক প্রত্যাশা ছিল বিশ্বের মুসলমান ভাইদের ওপর। তারা ভেবেছিল সমস্ত বিশ্ব থেকে দলে দলে মুসলমান ভাইয়েরা এগিয়ে আসবে তাদেরকে সহায়তা করার জন্যে এবং মুসলমানদের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধন হবে আরও মজবুত। কিন্তু এখনও পর্যন্ত মুসলিম বিশ্ব তাদের ডাকে সাড়া দেয়নি। বরং আফগানের ব্যাপারে মুসলিম বিশ্বের প্রতিক্রিয়া দেখলে মনে হয় যেন পারদ গলিয়ে তাদের কানের ছিদ্র বন্ধ করে দেয়া হয়েছে; যার ফলে তারা কিছুই শুনতে পায় না। তারা শুনতে পায় না মৃত্যু যন্ত্রণায় কাতর শিশুর আর্তচিৎকার, শুনতে পায় না কুমারিত্ব হরণের পর কুমারী মেয়েদের ক্রন্দন, তাদের কানে এসে পৌঁছায় না মৃত্যুশয্যায় বৃদ্ধ ব্যক্তির দীর্ঘশ্বাস। মুসলমান বিশ্বের কতিপয় ধনী ব্যক্তি সহানুভূতির ছলে তাদের খাবার টেবিলের

উচ্ছিষ্ট এবং খাবারের ছিটেফোঁটা দান করেই যথেষ্ট সাহায্য করে ফেলেছে ভেবে আত্মতুষ্টিতে ভোগে।

অথচ আফগানের পরিস্থিতি বর্তমানে অত্যন্ত সঙ্গিন। সেখানের মুসলমানেরা তীব্র নিপীড়ন, নির্যাতন এবং অসহায়ত্বের মধ্যে দিনাতিপাত করছে। মহান আল্লাহর রহমতে আফগান ভূমিতে এই পবিত্র জিহাদের সূচনা হয়েছিল ইসলামের শিক্ষায় শিক্ষিত গোটা কয়েক যুবক এবং একদল আলেমের হাত ধরে যারা নিজেদের জীবনকে আল্লাহর রাহে উৎসর্গ করেছেন। এই প্রথম প্রজন্মের প্রায় সবাই শাহাদাত বরণ করেছেন এবং দ্বিতীয় প্রজন্ম এগিয়ে এসেছে সম্মুখে। কিন্তু সঠিক প্রতিপালন এবং নেতৃত্বের অভাব বরাবরই অনুধাবন করেছে দ্বিতীয় প্রজন্ম। এমনকি তাদের সঠিক শিক্ষা এবং প্রশিক্ষণের লক্ষ্যে কেউ তাদের জন্য সহযোগিতার হাত প্রসারিত করছে না। বর্তমানে তাদের এমন একজন নেতা অত্যাবশ্যক যিনি তাদের ইসলামের শিক্ষায় শিক্ষিত করে আল্লাহর রাহে পরিচালিত করবে।

চার মাযহাবের ফকিহগণ এ ব্যাপারে ঐকমত্য পোষণ করেছেন যে, বর্তমানে যে পরিস্থিতিতে আফগানিস্তানে জিহাদ সংঘটিত হচ্ছে তাতে জান এবং মাল দ্বারা সহায়তা করা প্রত্যেক মুসলমানের জন্যে ফরজে আইন। আর এতে কোনই দ্বিমতপোষণের সুযোগ নেই। অনুরূপভাবে বেশিরভাগ মুফাসসিরীন, মুহাদ্দিস এবং আলেমও এ ব্যাপারে সহমত পোষণ করেছেন।

ইবনে তাইমিয়া (রহ.) বলেন, যখন শত্রু বাহিনী কোন ইসলামী ভূখণ্ডে প্রবেশ করে তখন সেই ভূখণ্ডের সবচেয়ে কাছের প্রতিবেশী মুসলমানদের ওপর ওয়াজিব হয়ে যায় সেই স্থানের প্রতিরক্ষা বিধান করা। অতঃপর যদি তারা দুর্বল হয়ে পড়ে তবে তাদেরও আশপাশের মুসলমানদের ওপর দায়িত্ব বর্তায়। এর কারণ সমগ্র ইসলামিক ভূখণ্ড একসাথে একটি রাষ্ট্রের মত। জিহাদ যখন ফরজে আইন হয়ে যায় তখন ছেলে পিতার অনুমতি ব্যতীত, ঋণগ্রহিতা ঋণদাতার অনুমতি ব্যতীত, স্ত্রী স্বামীর অনুমতি ছাড়া এবং গোলাম নিজের মালিকের অনুমতি ব্যতীতই জিহাদের ময়দানে ঝাঁপিয়ে পড়া অত্যাবশ্যকীয় হয়ে যায়। ইমাম আহমেদ এ সম্পর্কে বিস্তারিত বর্ণনা করেছেন। *[ফাতওয়া আল কুবরা : ৪/৬০৮]*

তিনি আরও বলেন, যখন শত্রুবাহিনী মুসলমানদের ওপর আক্রমণ করে তখন আক্রমণের শিকার প্রত্যেক মুসলমানের ওপর জিহাদ ফরজ হয়ে যায় এবং জিহাদ ফরজ হয়ে যায় সেই সকল মুসলমানের ওপর যারা তাদের পাশে অবস্থানরত থাকে। আল্লাহ বলেন– অবশ্য যদি তারা ধর্মীয় ব্যাপারে তোমাদের

Scanned by CamScanner

সহায়তা কামনা করে, তবে তাদের সাহায্য করা তোমাদের কর্তব্য। *[সূরা আনফাল : ৭২]*

নবী করিম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আদেশ হল, যার যার সামর্থ্য অনুযায়ী জান এবং মাল দিয়ে জিহাদে অংশ গ্রহণের মাধ্যমে কাফেরদের আক্রমণ হতে ইসলামী রাষ্ট্রের প্রতিরক্ষা বিধান করা প্রত্যেক মুসলমানের অবশ্য কর্তব্য এবং ঈমানী দায়িত্ব। খন্দকের যুদ্ধের সময় যখন কাফেররা আক্রমণ করেছিল তখন মদীনায় উপস্থিত সকল মুসলমানকে আল্লাহর হুকুমে কাফিরদের বিপক্ষে প্রতিরোধ গড়ে তুলতে হয়েছিল, কাউকেই ছাড় দেয়া হয়নি।

এছাড়াও জিহাদের এই পরিস্থিতি সম্পর্কে চার মাযহাবের ইমামগণ তাদের অবস্থান এতটাই সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট করে প্রকাশ করেছেন যে, এতে কোনই অস্পষ্টতা নেই এবং এতে সন্দেহের বা নতুন করে বর্ণনার কোন অবকাশ নেই।

ইবনে আবেদীন একজন বিশিষ্ট হানাফী আলেম বলেন–

যখন শত্রু কোন মুসলিম ভূখণ্ডে আক্রমণ চালায় অথবা এমন কোন ভূমিতে আক্রমণ চালায় যা আগে ইসলামের আওতাধীন ছিল, তবে সেই আক্রান্ত রাষ্ট্রের মুসলমানদের জিহাদ ফরজে আইন হয়ে যায়। আর সেই অঞ্চলের অদূরে অবস্থিত মুসলমানদের ওপর তখন জিহাদ ফরজে কিফায়া হিসেবে গণ্য হয়। কিন্তু যদি আক্রান্ত ভূখণ্ডের মানুষেরা পশ্চাদপদতা অবলম্বন করে অথবা ঘরে বসে থাকে, অথবা যদি তারা অলস হয়, অক্ষম এবং অসমর্থ হয় তাহলে তাদের এই দায়িত্ব স্থানান্তরিত হয় তাদের পার্শ্ববর্তী জনপদবাসীর উপর। তখন তাদের ওপরও জিহাদ ফরজে আইন হয়ে যায়। যদি কোন কারণে তারাও শত্রুকে প্রতিহত করতে ব্যর্থ হয়, তাহলে শত্রুকে প্রতিহত করার দায়িত্ব স্থানান্তরিত হয় তাদের পার্শ্ববর্তী এলাকার জনগণের উপর। আর ঠিক এইভাবে পর্যায়ক্রমে পৃথিবীর পূর্ব-পশ্চিমে সকল মুসলমানের ওপর জিহাদ ফরয হয়ে যায়। আর যখন জিহাদ এভাবে ফারদুল আইন হয়ে যায় তখন সালাত এবং সাওমের মতই জিহাদকেও ত্যাগ করার কোন অবকাশ থাকে না। *[হাসিয়া ইবনে আবেদীন আল-হানাফি : ৩/২৩৮]*

টীকা : [অনুরূপভাবে একই ধারার ফতোয়া প্রদান করেছেন অন্যান্য হানাফী আলেমগণ এদের মধ্যে আল-কাসানী (বাদাই আস-সানাই ৭/৭২), ইবনে নুযাইম (আল-বাহরুর রায়েক ৫/৭২) এবং ইবনে আল হাম্মাম (ফাতহু কবীর ৫/১৯১) অন্যতম। এছাড়াও অন্যান্য মাযহাব-এর আলেমগণও একই মত প্রকাশ করেছেন। উদাহরণস্বরূপ যেমন মালিকি আল দাসুকি হাসিয়া (হাসিয়া

Scanned by CamScanner

২/১৭৪), শাফি আল-রামালি'র নিহায়াতুল মুহতাজ (৮/৫৮), হানবালি ইবনে কুদামা-এর আল মুঘনি আল-মুঘনি ৮/৩৪৫]

এত কিছুর পরও অনেকেই জিহাদে যোগদানের জন্য এগিয়ে আসছে না। তারা আত্মপক্ষ সমর্থনে কিছু আফগান মুজাহিদীনদের অনিয়ম এবং তাদের ইসলামী প্রশিক্ষণের অভাবকে জিহাদে যোগদান না করার অজুহাত হিসেবে ব্যবহার করছে। তাদের মতে সঠিকভাবে শরীয়া মেনে আফগানে জিহাদ পরিচালিত হচ্ছে না বিধায় তারা জিহাদে অংশগ্রহণ থেকে নিজেদের বিরত রেখেছে। তবে এ ধরনের অমূলক আজুহাত খণ্ডন করার জন্যে এতটুকুই বলা যথেষ্ট যে ফুকাহাদের মতে, জিহাদ করা ফরজ; এমনকি যদি কোন পাপিষ্ঠ সেনাদলের সাথে যোগ দিয়ে তা করতে হয় এবং এটাই আহলে সুন্নাহ ওয়াল জামায়াতের আদর্শ।

মহান আল্লাহ রাব্বুল আলামিন তাঁর দীনের হেফাজত করেন একই সাথে ধর্মভীরু এবং গুনাহগার বান্দাদের মাধ্যমে। কোন কোন সময় এমন মর্যাদাহীন ব্যক্তিদের দিয়ে আল্লাহ তাঁর দীনকে সাহায্য করেন যাদের কোন নৈতিকতা নেই। বস্তুত পূর্বেকার এবং বর্তমান সর্বশ্রেষ্ঠ উম্মতের দেখানো পথ এটাই। বরং পাপিষ্ট সেনাদলের সাথে কিংবা অত্যাচারী-দুর্নীতিগ্রস্ত শাসকের অধীনে জিহাদ করতে অস্বীকৃতি জানানো হুরুরিয়াদের (খারিজিদের একটি ভাগ) স্বভাব। জ্ঞানের অভাবের কারণে মানুষ নিরর্থক অতিরিক্ত সাবধানতা অবলম্বন করে। *[মাজমুয়ায়ে ফাতোয়া ইবনে তাইমিয়া : ২৮/৫০৬]*

আরও কিছু মানুষ রয়েছে যারা জিহাদে যোগ না দেয়ার অজুহাত পেশ করে এই বলে যে, তাদের সঠিক শিক্ষা-দীক্ষা এবং বেড়ে ওঠার জন্যে তাদের নিজেদের দেশে অবস্থান করা প্রয়োজন। তাদের জন্যে আল-যুহরির বর্ণিত ঘটনাটিই যথেষ্ট।

আল-যুহরি বলেন : সাইদ ইবনে আল মুসাইব তার এক চোখ অন্ধ অবস্থায় জিহাদের উদ্দেশ্যে বের হয়ে গেলেন। তাঁকে দেখে একজন বললেন, আপনি তো জিহাদ করতে অক্ষম!

তিনি উত্তরে বললেন, না! আল্লাহ তায়ালা হালকা এবং ভারী প্রত্যেক ব্যক্তিকেই জিহাদের উদ্দেশ্যে বের হতে বলেছেন। যদি আমি যুদ্ধ করতে সক্ষম না হই তবে মুসলিম বাহিনীর ঘাঁটি পাহারা দিব। তাও যদি না পারি তবে মুসলিম বাহিনীর সংখ্যা তো বাড়াতে পারব।

Scanned by CamScanner

সুতরাং বিশিষ্ট তাবেয়ীগণ যদি এভাবে জিহাদের ময়দানে ছুটে আসেন তাহলে আমাদের জিহাদে যোগদান না করে নিজের দেশে আরামে জীবন কাটানোর এই ঠুনকো অজুহাত কোনভাবেই ধুপে টেকে না।

সামনে পুরো বিশ্বের মুসলমানদের জন্যে অত্যন্ত ভয়ংকর সময় অপেক্ষা করছে। এখন আমাদেরকেই সিদ্ধান্ত নিতে হবে, আমরা কি হাত গুটিয়ে বসে থাকব, না ইসলাম রক্ষার্থে, মুসলিম জমিন রক্ষার্থে আল্লাহর হুকুম তামিল করতে জিহাদে জান এবং মাল দিয়ে অংশগ্রহণ করব।

ইসলামে মুসলিম নারীদের সম্মান রক্ষার জন্যে বিশেষ গুরুত্ব দেয়া হয়েছে। আল বাযযাযিয়ায় উল্লেখ আছে, যদি কোন মুসলমান নারী পৃথিবীর পশ্চিম প্রান্তে নির্যাতনের শিকার হয়, তাহলে পূর্ব প্রান্তের মুসলমানদের উপরও অবশ্য কর্তব্য হয়ে যায় সেই নারীকে নির্যাতনের হাত থেকে উদ্ধার করা।

সুতরাং এই সময়ে আমাদের আলেমদের মতামত কি হবে, যখন হাজার হাজার মুসলমান মেয়েদের তাদের নিজেদের ঘরে ধর্ষণের শিকার হতে হচ্ছে। আলেমগণ আফগানের সেই সকল মেয়েদেরকে কি উত্তর দেবেন যারা রাশিয়ান রেড আর্মির হাত থেকে নিজের সম্ভ্রম রক্ষার্থে লাঘমান এলাকার কুনার নদীতে ঝাঁপিয়ে পড়েছে। এখনও যদি মুসলমানরা কিছু না করে হাত গুটিয়ে বসে থাকে, তাহলে সেই দিন বেশি দূরে নয় যেদিন পৃথিবীর প্রত্যেক অঞ্চলেই মুসলমানদেরকে নির্যাতনের শিকার হতে হবে। আর মুসলমান নারীদেকে তাদের সম্ভ্রম রক্ষায় আত্মত্যাগের পথ বেছে নিতে হবে।

আবু দাউদ-এ বর্ণিত হাদীস, হযরত জাবির (রা.) বলেন– এমন কেউ যে পরিত্যাগ করে আরেকজন মুসলমানকে এমন পরিস্থিতিতে যেখানে তার সম্ভ্রমহানি হয় এবং তার সম্মান ভুলুণ্ঠিত হয় তাহলে আল্লাহ পরিত্যাগ করে তাকে সে অবস্থায় যে অবস্থায় সে সাহায্যের প্রার্থনা করে; অনুরূপভাবে এমন কেউ যে সাহায্য করে আরেকজন মুসলমানকে এমন পরিস্থিতিতে যেখানে তার সম্ভ্রমহানি হয় এবং সম্মান ভূলুণ্ঠিত হয় তখন আল্লাহ তাকে সাহায্য করে এমন পরিস্থিতিতে যেখানে সে সাহায্যের আশা করে। *[হাদীস হাসান সহীহ আল-জামি : ৫৫৬৬]*

সুতরাং নিজেদের সম্মান ও সম্ভ্রমের বিষয়ে আল্লাহকে ভয় করা উচিত। হিব্বান ইবনে মুসা বলেন, আমরা একবার সিরিয়ার দিকে যাচ্ছিলাম রিবাতের (মুসলিম ভূমির সীমান্ত প্রতিরক্ষার জন্য) উদ্দেশ্যে। আর আমাদের সাথে ইবনে আল মুবারক। যখন তিনি দেখলেন কি করে মানুষ প্রতিদিন ইবাদত করছে, যুদ্ধে অংশগ্রহণ করছে এবং যুদ্ধাভিযান পরিচালনা করছে, তখন তিনি আমার দিকে

Scanned by CamScanner

ফিরলেন এবং বললেন– 'আমাদের মালিক আল্লাহ রাব্বুল আলামিন এবং আমরা তাঁর কাছেই ফিরে যাব। হায়! জীবনের এতগুলো বছর পার করে দিয়েছি শুধু শুধু; অতিবাহিত করেছি দিনের পর দিন এবং রাতের পর রাত তালাক দেয়ার হুকুম জানতে, এই স্থানের জান্নাতের খোলা দরজাকে ফেলে রেখে।

তিনিই ছিলেন ইবনে আল মুবারক, যিনি প্রতি বছর দু'মাসের জন্যে তার ব্যবসা এবং হাদীসের পাঠ ত্যাগ করে রিবাতে অংশগ্রহণ করতেন। তার ব্যবসা এবং জ্ঞান অর্জনের কারণে তিনি রিবাতে তার জীবনের পুরো সময়টা দিতে না পারায় এই আফসোস করেছিলেন। হায়, যদি তারাই এরকম আফসোস করে তবে তাদের কি হবে যারা আল্লাহর রাস্তায় কোনদিন একটা তীরও ছুঁড়েনি?

যখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অসুস্থ হয়ে পড়েছিলেন। তার এই অসুস্থতা উসামা (রা.)-এর নেতৃত্বের সেনাদলকে তার লক্ষ্যে প্রেরণে সাহাবাদের তাগিদ দেয়া থেকে তাকে বিরত রাখতে পারেনি।

হযরত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পর যখন আবু বকর (রা.) উসামা (রা.)-এর নেতৃত্বের সেই যুদ্ধ অভিযান পরিচালনা করতে চাইলেন তখন অন্যান্য সাহাবারা তাকে বাধা দেয়ার চেষ্টা করেছিলেনে। আর তখনই তিনি বিখ্যাত সেই উক্তিটি করেছিলেন– তার শপথ যার কোন শরীক নেই। এমন কি যদি রাস্তার কুকুরগুলোও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের স্ত্রীদের পায়ের সামনে এসে ঘুর ঘুর করে তারপরও আমি সেই সেনাদলকে ফিরিয়ে আনবো না যাকে হযরত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুদ্ধের অভিযাত্রায় পাঠানোর হুকুম দিয়েছিলেন.। *[হায়াতুস সাহাবা ১/৪৪০]*

